সমকাল

24 MAY 2017
৪ ২

# বেসরকারি শিক্ষকদের ১১ দফা দাবি

■ সমকাল প্রতিবেদক

আসন্ন জাতীয় বাজেটে সরকারি শিক্ষক-কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষক-কর্মচারীদের আর্থিক সুযোগ-সুবিধা দেওয়াসহ ১১ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিপিসি)।

গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে যৌথভাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। উল্লেখযোগ্য দাবিগুলো হলো- নতুন বেতন স্কেলে বার্ষিক শতকরা ৫ ভাগ প্রবৃদ্ধি প্রদান, শিক্ষকদের চাকরির বয়স ৬৫ বছর করা, গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি প্রথা বিলুপ্ত করে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মতো কমিটি গঠন করা, স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত শিক্ষককে এমপিওভুক্তকরণ, পূর্ণাঙ্গ উৎসব ভাতা প্রদান, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রেষণে শিক্ষকদের নিয়োগ প্রদান এবং অনার্স ও মাস্টার্স পাঠ দানকারী শিক্ষকদের এমপিওভুক্তকরণ।

সম্মেলনে লিখিত বক্তব্যে বিপিসির সভাপতি মোহাম্মদ মাজহারুল হান্নান বলেন, গোটা শিক্ষা ব্যবস্থায় প্রায় ৯০ ভাগ অবদান রাখলেও বেসরকারি শিক্ষক-কর্মচারীরা বঞ্চিত ও অবহেলিত। শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষকদের টাইম স্কেল চালু, অবসর সুবিধা পাওয়ার ক্ষেত্রে হয়রানি বন্ধ করে সময়মতো চেক প্রদানসহ ১১ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানান তিনি।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাকশিস সভাপতি অধ্যক্ষ ইসহাক হোসেন, জ্যেষ্ঠ সহসভাপতি অধ্যক্ষ মজিবুর রহমান হাওলাদার, ভারপ্রাপ্ত মহা সম্পাদক একেএম আবদুল্লাহ, বিপিসির সাধারণ সম্পাদক অধ্যক্ষ হারুনুর রশিদ পাঠান, সহসভাপতি অধ্যক্ষ মো. নজরুল ইসলাম, অধ্যক্ষ মো. মোনায়েম, অধ্যক্ষ মো. রেজাউল করিম, বাকশিস যুগ্ম সম্পাদক অধ্যাপক ইলিম মো. নাজমুল হোসেন, অধ্যাপক মো. জহির উদ্দিন আজম, অধ্যাপক মো. আনোয়ার হোসেন মণ্ডল, সাংগঠনিক সম্পাদক অধ্যাপক সৈয়দ মো. ইউসুফ সুমন প্রমুখ।